

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৩, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১/৯ই জুন, ১৯৯৪

এস, আর, ও, নং ২১০-আইন/৯৪--যেহেতু সরকার নেত্রকোনা জেলার দুর্গাপুর থানার নিম্ন-তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছিলেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া Declaration & Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিলেন এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত rule মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনার এর উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4(2) এর অধীন নিম্নতফসিলভুক্ত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

( ১৮৭৫ )

মুদ্রা: টাকা ১-০০

অতএব, সেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্ন-তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ১৫-০৬-১৯৯৪ ইং তারিখ হইতে দুর্গাপুর মিউনিসিপ্যালিটি গঠনের ঘোষণা করিল :—

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	নৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
১	দুর্গাপুর	দুর্গাপুর	১২১	৩২২—১০০০ এবং ১১৯৯—৫৩৬২।
২	ঐ	ঝরস	১৬২	১—১৫৭।
৩	ঐ	দশাল	১৫৫	৬—২২০ এবং ২৭৭—২৮৭।
৪	বিরিশিরি	ঘোড়াহৌত	১৬৩	১—১৫৩।
৫	ঐ	দক্ষিণ ভবানীপুর	১০১	১—৪৪২।
৬	ঐ	উৎড়াইল	১৬৪	১—১০ এবং ৫৭—২৫৭।
৭	কুল্লাগড়া	খুজিউড়া	১০৪	১—৫৪১।
৮	ঐ	শৈলভহর	১০৫	১৩৫—১৩৯ এবং ১৪৭—৩১৪।
৯	ঐ	ডাকুমারা কুল্লাগড়া	১০৬	৫৬৭—৭৪৮।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, নাজমুল আলম সিদ্দিকী  
যুগ্ম-সচিব (উন্নয়ন)।